



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন ; ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : পরী/গো/৬২৯/২০১৭/

তারিখ : ০১/০১/২০১৭


বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর আওতাধীন উচ্চমাধ্যমিক স্তরের সকল প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও শিক্ষকগণকে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লার সকল প্রশ্নপত্র প্রণেতা (সেটার), পরিশোধক (মডারেটর), প্রধান পরীক্ষক, পরীক্ষক, পুনঃনিরীক্ষক ও নিরীক্ষকদের সম্মানী সোনালী ব্যাংক লিমিটেড এর অন-লাইন ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করা হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে ভবিষ্যতে কাজ করতে এবং বর্ণিত কাজের সম্মানী/পারিশ্রমিক পাওয়ার জন্য সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখায় (০৮ থেকে ১৩ ডিজিটের) ব্যাংক একাউন্ট খোলে সেটি সচল রাখা অত্যাবশ্যিক। অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজের শিক্ষকগণকে আগামী ০৮ জানুয়ারী ২০১৭ তারিখের মধ্যে কুমিল্লা বোর্ডের ওয়েবসাইট (www.comillaboard.gov.bd) → এইচএসসি পরীক্ষক → আবেদন / eTIF → EIIN → Password → Login → Information → Submit/Save) এর মাধ্যমে eTIF পূরণ করা/সংশোধন করার জন্য অনুরোধ করা গেল। eTIF পূরণ না করলে কর্মরত শিক্ষকগণ ভবিষ্যতে অত্র বোর্ডের কোন প্রশ্নপত্র প্রণেতা (সেটার), পরিশোধক (মডারেটর), প্রধান পরীক্ষক, পরীক্ষক, পুনঃনিরীক্ষক ও নিরীক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্ত হবেন না। এইচএসসি ২০১৭ সালের পরীক্ষার্থীদের ফরম ফিলাপের কাগজপত্রাদি বোর্ডের উচ্চমাধ্যমিক শাখায় জমা দেওয়ার সময় অবশ্যই EIIN (কলেজ ভিত্তিক) ভিত্তিক শিক্ষকদের তালিকা জমা দিতে হবে।

যে সকল প্রশ্নপত্র প্রণেতা (সেটার), পরিশোধক (মডারেটর), প্রধান পরীক্ষক, পরীক্ষক, পুনঃনিরীক্ষক ও নিরীক্ষক (কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন কলেজের বাইরে বদলী হয়েছেন) ২০১৬ সালের এইচএসসি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করেছেন তাঁরা সোনালী ব্যাংক এর সচল হিসাব নং, শাখা, বিষয় কোড, পরীক্ষক কোড, প্রধান পরীক্ষক কোড, উত্তরপত্রের সংখ্যা, সচল মোবাইল নং এবং পত্র যোগাযোগের ঠিকানা আগামী ১৫/০১/২০১৭ তারিখের মধ্যে Controller @ Comillaboard.gov.bd এই মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


(কায়সার আহমেদ)
পরীক্ষা নিয়ন্ত্রক


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬১৭২

কুমিল্লা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে

কর্মরত সকল অধ্যক্ষবৃন্দ

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি :

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ২। ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, বি.আই.এস.ই শাখা, কুমিল্লা।


(কায়সার আহমেদ)
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬১৭২